



১০ দিনের মধ্যেই হাদি হত্যা মামলার চার্জশিট: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

ওসমান হাদি হত্যাকাণ্ডের তদন্ত শেষ পর্যায়ে রয়েছে। আগামী ১০ দিনের মধ্যে চার্জশিট দাখিল হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম চৌধুরী।

অন্তর্বর্তী সরকারের মেয়াদেই বিচার সম্পন্নের আশ্বাস দিয়েছেন তিনি।

তিনি জানান, এ ঘটনায় এখন পর্যন্ত ১১ জনকে গ্রেপ্তার করা হয়েছে। তাঁদের মধ্যে ৬ জন আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন। পাশাপাশি গুরুত্বপূর্ণ আলামত, অস্ত্র, গুলি, মোটরসাইকেল, সিসিটিভি ফুটেজ এবং আর্থিক লেনদেন সংক্রান্ত তথ্য উদ্ধার করা হয়েছে।

স্বরাষ্ট্র উপদেষ্টা আরও বলেন, মামলাটি দ্রুত বিচার ট্রাইব্যুনালে নেওয়ার সিদ্ধান্ত হয়েছে। তদন্তে জড়িত সব পক্ষের তথ্য যাচাই শেষে প্রকৃত অপরাধী ও পৃষ্ঠপোষকদের তালিকা প্রকাশ করা হবে। তিনি সবাইকে ধৈর্য ধরার আহ্বান জানিয়ে বলেন, বিচার প্রক্রিয়ায় বাধা সৃষ্টি করতে পারে—এমন কোনো কর্মকাণ্ড থেকে বিরত থাকতে হবে।

এ সময় তিনি আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে চলমান অভিযানের কথাও তুলে ধরেন এবং রাজনৈতিক দলগুলোকে দূরত্বকারী ও সুবিধাবাদীদের বিষয়ে সতর্ক থাকার অনুরোধ জানান।